# সারিয়াকান্দি পৌরসভা কার্যালয়

সারিয়াকান্দি, বগুড়া।

ফোন: ০২৫৮৯৯০৯৯৮৬, মোবাইল-০১৭১৬-০৩৮৩০৪

E-mail: sariakandipourasava@gmail.com Web: www.sariakandipourashava.gov.bd


সারিয়াকান্দি পৌরসভা স্থাপিত-১৯৯৯ইং বগুড়া

স্মারক নং সাকাপ/প্রঃবিঃ/হাট-বাজার/২০২৫/৮২৯ তারিখঃ ১৬/০১/২০২৫ ইং।

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সারিয়াকান্দি পৌরসভাধীন সারিয়াকান্দি হাট-বাজারটি বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য অস্থায়ী ইজারা প্রদানের লক্ষে সিডিউলে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে । দরপত্রসমুহ ক্যালেন্ডারে বর্ণিত সময়সূচী মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা ) বগুড়া। উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া এবং নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহন করা হবে এবং ঐ দিন বিকাল ৩:০০ ঘটিকার সময় দরপত্র দাতা গনের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন ) দরপত্র বাক্স খোলা হবে দরপত্র সংক্রান্ত সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য ) জেলা প্রশাসক, বগুড়া, উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া, এবং নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হইতে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন ক্রয় করা যাবে। ক্যালেন্ডারে বর্ণিত যে তারিখে দরপত্র দাখিলের জন্য সিডিউল ক্রয় করা হবে পরবর্তী তারিখের জন্য ঐ সিডিউল ব্যবহার করা যাবে না।

### হাট-বাজারের তফসিল

| ক্রমিক নং | পৌরসভার নাম | হাট-বাজারের নাম | সরকারি মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | সারিয়াকান্দি পৌরসভা | সারিয়াকান্দি হাট-বাজার | =২৯,৮৫,৯১৭/- | =৭,০০০/- |

### দরপত্র দাখিলের ক্যালেন্ডার

| বিবরণ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র দাখিলের সময় | দরপত্র বাক্স খোলার সময় |
|---|---|---|---|---|
| ১ম বার | ০৫/০২/২০২৫<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৬/০২/২০২৫<br>বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | সকাল ১০.০০ টা হইতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত | বিকাল ৩.০০ ঘটিকা |
| ২য় বার | ০২/০৩/২০২৫<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৩/০৩/২০২৫<br>বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | সকাল ১০.০০ টা হইতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত | বিকাল ৩.০০ ঘটিকা |
| ৩য় বার | ২৪/০৩/২০২৫<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৫/০৩/২০২৫<br>বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | সকাল ১০.০০ টা হইতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত | বিকাল ৩.০০ ঘটিকা |

সংক্ষিপ্ত শর্তাবলীঃ

১। উল্লেখ্য যে, দরপত্র দাতাকে দরপত্রে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট্ (বিডি)/পে অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। দরপত্র গৃহীত হবার পর অফার লেটার প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থসহ ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ১০% হারে আয়কর পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। ১ম বারে কোন হাটের দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ২য় বারে ঐ হাটের দরপত্র (পুন: দরপত্র দাখিল) বাদ বলে গণ্য হবে। তেমনি ২য় বারের ক্ষেত্রে ৩য় বারে (ধারাবাহিক ভাবে) বাদ হয়েছে বলে গণ্য হবে। দরপত্র সংক্রান্ত যাবতীয় শর্ত ও তথ্যাবলী অত্রাফিস হতে অফিস চলাকালিন জানা যাবে। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২। দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স ভ্যাট-আয়কর ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

১৬.০১.২০২৫

শাহরিয়ার রহমান
প্রশাসক
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

শাহরিয়ার রহমান
প্রশাসক
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া

স্মারক নং-সাকাপঃ/প্রঃবিঃ/হাট-বাজার/২০২৫/৬২৯ তারিখঃ ১৬/০১/২০২৫ইং

অনুলিপীঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, রাজশাহী।

৩। জেলা প্রশাসক, বগুড়া।

৪। উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া।

৫। সহকারী কমিশনার (ভূমি), সারিয়াকান্দি, বগুড়া।

৬। কাউন্সিলর (সকল), সারিয়াকান্দি, বগুড়া।

৭। পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারী প্রকৌশলী ও সকল শাখা প্রধান, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

৮। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক.................................................................। তাঁকে বিজ্ঞপ্তি খানা তার পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে একদিন প্রকাশ করিয়া ০২ (দুই) প্রস্থ বিল অত্র দপ্তরে প্রেরনের জন্য অনুরোধ জানানো হইল।

৯। নোটিশ বোর্ড, অত্র পৌরসভা।

১০। সংশ্লিষ্ট নথি।

১৬/০১/২০২৫

শাহরিয়ার রহমান

প্রশাসক

সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

শাহরিয়ার রহমান

প্রশাসক

সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া